## এমপিকিউ

## চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় কর্তৃক নিম্নোক্ত পদসমূহে নিয়োগের উদ্দেশ্যে প্রণীত এমপিকিউ

| ক্র.ন | পদের নাম ও বেতন স্কেল | বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১. | পরীক্ষা নিয়ন্ত্রক | টাকা ৫৬৫০০-৭৪৪০০/-<br>(গ্রেড-৩য়) | ক)সরকারিভাবে স্বীকৃত কোন প্রতিষ্ঠান হইতে এমবিবিএস/ বিডিএস পাশ যা অবশ্যই BMDCকর্তৃক রেজিস্ট্রেশন প্রাপ্ত হতে হবে।<br>খ) সহযোগী অধ্যাপক/সমমান পদে ০৪ বছর চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে।<br>অথবা<br>গ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যেকোন বিষয়ে ৩/৪ বছরের স্নাতক (সম্মান) অথবা স্নাতক (পাস) সহ স্নাতকোত্তর ডিগ্রি ।<br>ঘ) শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনপক্ষে ২য় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেড থাকতে হবে।<br>ঙ)সরকারি/আধা-সরকারি/স্বায়ত্ত্বশাসিত/সরকার কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠানে শিক্ষা/প্রশাসন/ পরীক্ষা/ সমপর্যায়ের কাজে কর্মকর্তা পদে কমপক্ষে ১৪ (চৌদ্দ) বছরের অভিজ্ঞতাসহ ন্যূনপক্ষে ৫ম গ্রেডে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক/সমমান পদে ০৪ বছর চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে।<br>চ) কম্পিউটার পরিচালনায় অভিজ্ঞহতে হবে। সরকারি বিধি-বিধান সম্পর্কে স্বচ্ছ ধারণা থাকা বাঞ্চনীয়।<br>ছ) চিকিৎসক কর্মকর্তা/শিক্ষক হিসেবে কর্মরত প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে।<br>ঝ) অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স ও যোগ্যতা শিথিলযোগ্য। |
| ২. | পরিচালক<br>(পরিকল্পনা ও উন্নয়ন) | টাকা ৫৬৫০০-৭৪৪০০/-<br>(গ্রেড-৩য়) | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যেকোন বিষয়ে ৩/৪ বছরের স্নাতক (সম্মান) অথবা স্নাতক (পাস) সহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা বিএসসিইঞ্জিনিয়ারিং/ সমমান ডিগ্রী।<br>খ) শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনপক্ষে ২য় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেড থাকতে হবে।<br>গ)সরকারি/আধা-সরকারি/স্বায়ত্ত্বশাসিত/ সরকার কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠানে শিক্ষা/প্রশাসন/ পরিকল্পনা ও উন্নয়ন/সমপর্যায়ের কাজে কর্মকর্তা পদে কমপক্ষে ১৪ (চৌদ্দ) বছরের অভিজ্ঞতাসহ ন্যূনপক্ষে ৫ম গ্রেডে উপ-রেজিস্ট্রার/উপ-পরিচালক/সমমান পদে ০৪ বছর চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে।<br>ঘ) কম্পিউটার পরিচালনায় অভিজ্ঞহতে হবে। সরকারি বিধি-বিধান সম্পর্কে স্বচ্ছ ধারণা থাকা বাঞ্চনীয়।<br>ঙ) অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স ও যোগ্যতা শিথিলযোগ্য। |
| ৩. | পরিচালক (অর্থ ও হিসাব) | টাকা ৫৬৫০০-৭৪৪০০/-<br>(গ্রেড-৩য়) | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ব্যবসায় শিক্ষায় ৩/৪ বছরের স্নাতক (সম্মান) অথবা স্নাতক (পাস) সহ স্নাতকোত্তর ডিগ্রি । শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনপক্ষে ২য় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেড থাকতে হবে।<br>খ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্ত্বশাসিত/ সরকার কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠানে অর্থ ও হিসাব/অডিট/সমপর্যায়ের কাজে কর্মকর্তা পদে কমপক্ষে ১৪ (চৌদ্দ) বছরের অভিজ্ঞতাসহ ন্যূনপক্ষে ৫ম গ্রেডে উপ-পরিচালক/সমমান পদে ০৪ বছর চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ) কম্পিউটার পরিচালনায় অভিজ্ঞ ও সরকারী বিধি বিধান সম্পর্কে স্বচ্ছ ধারনা থাকা বাঞ্চনীয়।<br>ঘ) সিএ/সিএমএ ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেওয়া হবে।<br>ঙ) অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স ও যোগ্যতা শিথিলযোগ্য। |

## চাকুরি আবেদনের নিয়মাবলী:

আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজ পত্র সংযোজন করতে হবেঃ

১। রেজিস্ট্রার, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় বরাবর বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদন করার জন্য নির্ধারিত ফরম, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা এবং নিয়োগের শর্তাবলী বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তর প্রশাসনিক/সংস্থাপন শাখা হতে অথবা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট হতে সংগ্রহ করা যাবে।

২। চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অনুকূলে সকল পদের জন্য ২০০/- টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরত যোগ্য) আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৩। সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৭ (সাত) কপি সত্যায়িত ছবি।

৪। সকল পরীক্ষা পাশের সার্টিফিকেট/ প্রশংসা পত্রের সত্যায়িত ফটোকপি।

৫। অভিজ্ঞতার সনদ পত্রের সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে)।

৬। প্রশিক্ষণ সনদ পত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।

৭। নিজ জেলার সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/ কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত জাতীয়তার সনদ পত্র।

৮। জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি।

৯। বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রাপ্ত ডিগ্রীর ক্ষেত্রে ডিগ্রী সমমান নির্ধারণী পত্রের সত্যায়িত কপি।

১০। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান হিসেবে চাকুরী প্রার্থীদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পিতার/মাতার মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে ইস্যুকৃত সনদের সত্যায়িত ফটোকপি।

১১। উপজাতি/শারীরিক প্রতিবন্ধী/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ পত্রের সত্যায়িত ফটোকপি।

১২। আবেদনপত্র আগামী ০৩.০৫.২০২৬ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন (রবিবার থেকে বৃহস্পতিবার সরকারি ছুটির দিন ব্যতীত সকাল ৯.০০ টা থেকে বিকাল ৪.০০ টা) সময়ে চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তর প্রশাসন/সংস্থাপন শাখায় পৌছাইতে হবে। ডাক বিভাগ অথবা কুরিয়ার সার্ভিস এর বিলম্বের জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

১৩। প্রার্থীর যোগাযোগের বর্তমান ঠিকানা লিখিত ১০/- (দশ) টাকার ডাক টিকেট সম্বলিত দুইটি ফেরত খাম আবেদন পত্রের সাথে সংযোজন করতে হবে।

১৪। আবেদন পত্র এবং সংযুক্তি কপি ০৭ (সাত) সেট দাখিল করতে হবে।

সাধারণ জ্ঞাতব্য:

১। খামের উপর প্রার্থীর পদের নাম উল্লেখ করতে হবে।

২। চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে তাঁদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৩। প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের কর্তৃপক্ষের সিদ্ধান্ত স্বাপেক্ষে মৌখিক পরীক্ষার জন্য প্রবেশপত্র বিতরণ করা হবে।

৪। চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদন পত্র গ্রহণ কিংবা বাতিল করবার ক্ষমতা সংরক্ষণ করেন।

৫। প্রার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

৬। নিয়োগ সম্পর্কিত যেকোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

৭। ভুল তথ্য সম্বলিত/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদন পত্র বিবেচনা করা হবে না।